সর্বোচ্চ ২০.৫°
সর্বনিম্ন ৯.৬°
শিলিগুড়ি
বাতাসে আপেক্ষিক আর্দ্রতার পরিমাণ ৯০ শতাংশ
শুক্রবারের পূর্বাভাস ঃ *পরিষ্কার আকাশ*

আমার শহর

উত্তরবঙ্গ সংবাদ ১২ জানুয়ারি ২০১৮ তেরো

পথকুকুর ধরে ডাম্পিং গ্রাউন্ডের পাশে রাখার উদ্যোগ

ভাস্কর বাগচী

শিলিগুড়ি, ১১ জানুয়ারি ঃ রাত বাড়ার সঙ্গে সঙ্গেই উপদ্রব বাড়ে এদের। সারমেয়দের দাপটে রাতের শিলিগুড়িতে চলাফেরা করাই দায় এখন। শিলিগুড়িতে কার্যত আতঙ্কে পরিণত হয়েছে পথকুকুররা। এই পথ কুকুরদের উপদ্রব কমাতে ব্যবস্থা নেওয়ার উদ্যোগ শুরু হল।

বহু বছর আগে পুরনিগমের বিভিন্ন ওয়ার্ডে অভিযান চালিয়ে পথকুকুরদের ডাম্পিং গ্রাউন্ড লাগোয়া নির্বীজকরণ কেন্দ্রে নিয়ে যাওয়া হয়েছিল। সেখানে ওই কুকুরদের নির্বীজকরণ করিয়ে ছেড়ে দেওয়া হয়। কিন্তু এখন ফের পথকুকুরদের অত্যাচারে নাজেহাল শহরবাসী। অভিযোগ, বিষয়টি বিভিন্ন মহলে জানানো হলেও কোনো কাজ হয়নি। এবার পথকুকুরদের নিয়ে গিয়ে ডাম্পিং গ্রাউন্ড লাগোয়া এলাকায় রাখার ব্যবস্থা করছে শিলিগুড়ি পুরনিগমের ৩ নম্বর বরো কমিটি। কুকুরদের তোলার জন্য একটি বিশেষ উপায়ে তৈরি গাড়িও ব্যবহার করা হবে। কুকুর ধরার জন্য সাতজনের একটি দল গঠন করা হয়েছে।

শিলিগুড়ি শহরের আনাচে-কানাচে পথকুকুরদের সংখ্যা ইদানীং এতটাই বেড়েছে যে, রাস্তা দিয়ে চলাচল করতে সাধারণ মানুষ সমস্যায় পড়ছেন। একটু রাত হলে মোটরবাইক কিংবা স্কুটারে রাস্তা দিয়ে যেতে গিয়ে কুকুরের তাড়া খাননি এমন লোকের সংখ্যা প্রায় নেই বললেই চলে। অনেক জায়গাতে ১৫-২০টি কুকুর একসঙ্গে তাড়া করেছে, এরকম ঘটনাও বিরল নয়। এবার এই সমস্যা কিছুটা হলেও মিটতে চলেছে। বৃহস্পতিবার পুরনিগমের তিন নম্বর বরো কমিটির এক সভায় সিদ্ধান্ত হয়েছে, বরোর ওয়ার্ডগুলিতে কুকুর ধরা হবে। ডাম্পিং গ্রাউন্ডের পাশে থাকা পুরনিগমের জায়গায় ওই কুকুরগুলি রাখা হবে। কুকুর ধরার জন্য একটি বিশেষ উপায়ে তৈরি গাড়ির পাশাপাশি একজন বিশেষজ্ঞ থাকবেন। এছাড়া পুরকর্মীরাও তাঁদের সঙ্গে থাকবেন।

তিন নম্বর বরো কমিটির চেয়ারম্যান নিখিল সাহানি বলেন, 'বৃহস্পতিবার বরো কমিটির সভায় এই বিষয়ে একটি সিদ্ধান্ত নেওয়া হয়েছে। কুকুর ধরার জন্য সাতজনের একটি টিমও তৈরি করা হয়েছে। ওই টিমের সদস্যরা কুকুর ধরে ডাম্পিং গ্রাউন্ডের পাশে পুরনিগমের জায়গায় নিয়ে রাখবে।'

পথ নিরাপত্তা সপ্তাহের উদ্‌বোধনে শিলিগুড়ির পুলিশ কমিশনার সহ অন্য শীর্ষ কর্তারা। ছবি ঃ তপন দাস

আইন সকলের জন্য সমান

বার্তা পুলিশ কমিশনারের

শিলিগুড়ি, ১১ জানুয়ারি ঃ নেতা হোক কিংবা সাধারণ মানুষ– আইন সকলের জন্যই সমান। যে আইন ভাঙবে তার বিরুদ্ধেই ব্যবস্থা নেবে ট্রাফিক পুলিশ। ২৯তম পথ নিরাপত্তা সপ্তাহের উদ্‌বোধনী মঞ্চে শহরের মানুষের উদ্দেশ্যে এমন বার্তাই দিলেন শিলিগুড়ির পুলিশ কমিশনার সুনীলকুমার চৌধুরি। বৃহস্পতিবার থেকে শিলিগুড়িতে শুরু হল সাতদিনব্যাপী পথ নিরাপত্তা সপ্তাহ, চলবে ১৭ জানুয়ারি পর্যন্ত। এই সাতদিন পুলিশের পক্ষ থেকে ট্রাফিক আইন সচেতনতায় বিভিন্ন সচেতনতামূলক অনুষ্ঠান করা হবে।

পথ নিরাপত্তা সপ্তাহ

পথ নিরাপত্তা সপ্তাহ উপলক্ষ্যে এদিন শিলিগুড়ি মেট্রোপলিটন পুলিশের পক্ষ থেকে পানিট্যাঙ্কি মোড় থেকে একটি বর্ণাঢ্য শোভাযাত্রার আয়োজন করা হয়েছিল। শোভাযাত্রাটি পানিট্যাঙ্কি মোড় থেকে বেরিয়ে সেবক রোড, সেবক মোড়, হিলকার্ট রোড হয়ে এয়ারভিউ মোড়ে গিয়ে শেষ হয়। সেখানেই প্রদীপ প্রজ্বলনের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা করেন পুলিশ কমিশনার। এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ডেপুটি পুলিশ কমিশনার ট্রাফিক সুনীল যাদব সহ বিভিন্ন জোনাল ডিসিপি, জোনাল এসিপি, থানার আইসি ও ওসিরা। অন্যদিকে, এদিনের মিছিলে পুলিশের পাশাপাশি বিভিন্ন স্কুল ও কলেজের ছাত্রছাত্রী, বিভিন্ন গাড়ির চালক ইউনিয়ন থেকে চালকরা অংশ নেন। পুলিশ কমিশনার সুনীলকুমার চৌধুরি বলেন, 'আইন সকলের জন্যে সমান। নেতা কিংবা সাধারণ মানুষ সকলেই আইনের আওতায়। যে আইন ভাঙবে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য নবান্ন থেকে নির্দেশিকা রয়েছে।' শহরবাসীদের ধীরে ও সাবধানে গাড়ি চালানোর পরামর্শ দেন পুলিশ কমিশনার।

জেলাশাসকের দ্বারস্থ হচ্ছে গার্ডিয়ান ফোরাম

শিলিগুড়ি, ১১ জানুয়ারি ঃ নারায়ণা স্কুলের বিরুদ্ধে দ্রুত ব্যবস্থা নিতে দার্জিলিংয়ের জেলাশাসক এবং শিলিগুড়ির মহকুমাশাসকের দ্বারস্থ হচ্ছে গার্ডিয়ান ফোরাম। বৃহস্পতিবার ফোরামের সভাপতি সন্দীপন ভট্টাচার্য বলেন, 'ওই স্কুলের অনুমোদন না থাকায় প্রচুর ছেলেমেয়ের ভবিষ্যৎ নষ্ট হতে বসেছে। সামনেই পরীক্ষা। অথচ এখনও একটি ছেলেমেয়েও জানে না যে তারা পরীক্ষায় বসতে পারবে কিনা, বসলেও কোন স্কুলে গিয়ে তাদের পরীক্ষা দিতে হবে তাও জানে না। এভাবে চলতে পারে না। প্রশাসনের নাকের ডগায় এভাবে দুই বছর ধরে একটি অনুমোদনহীন স্কুল চলছে আর প্রশাসন চুপচাপ বসে রয়েছে সেটা আমাদের মেনে নিতে হচ্ছে। আমরা দ্রুত একটা কার্যকরী পদক্ষেপের দাবি জানিয়ে জেলাশাসক এবং শিলিগুড়ির মহকুমাশাসককে চিঠি দিচ্ছি।' এদিন গার্ডিয়ান ফোরামের সভাপতি বলেন, 'আমরা গত জুন মাসে দার্জিলিং জেলা প্রশাসনকে বিষয়টি জানিয়ে দ্রুত ব্যবস্থা নিতে বলেছিলাম। কিন্তু তারপরে কোনো পদক্ষেপ দেখিনি। আমাদের ছেলেমেয়েদের পরীক্ষা দিতে রায়গঞ্জ, কোচবিহার যেতে হবে নাকি,

নারায়ণা স্কুল

সে ব্যাপারেও কিছু জানি না।। কেন একটি পড়ুয়াকে শিলিগুড়ির স্কুলে পড়ে পরীক্ষার জন্য রায়গঞ্জ যেতে হবে?' শিলিগুড়ির মহকুমাশাসক সিরাজ দানেশ্বর বলেন, 'নারায়ণা স্কুল নিয়ে এর আগেও একটি অভিযোগ হয়েছিল। সেইমতো আমরা কিছু পদক্ষেপ করেছিলাম। মালিকপক্ষকে বৈধ কাগজপত্র দেখানোর জন্য সময় দেওয়া হয়েছে। এভাবে অনুমোদনহীনভাবে একটি স্কুল এখানে চলতে দেওয়া যাবে না। আমরা দ্রুত পদক্ষেপ করব।'

দুই বছর ধরে নারায়ণা স্কুল চলছে শিলিগুড়িতে। কিন্তু এখনও এই স্কুলটির কোনো অনুমোদন নেই বলে জানা গিয়েছে। এই পরিস্থিতিতে পড়ুয়াদের বাইরের বিভিন্ন স্কুলে নিয়ে গিয়ে পরীক্ষা দেওয়ার ব্যবস্থা করা হচ্ছে বলে জানা গিয়েছে। কিন্তু অনুমোদনহীন একটি স্কুলে ছেলেমেয়েদের ভরতি করিয়ে দুশ্চিন্তায় পড়েছেন অভিভাবকরা। এর আগে এক অভিভাবক পুরো বিষয়টি জানিয়ে শিলিগুড়ির মহকুমাশাসকের কাছে লিখিতভাবে অভিযোগ দায়ের করেছিলেন। সেই মতো মহকুমাশাসক বিষয়টি নিয়ে উদ্যোগী হন। মহকুমাশাসকের হস্তক্ষেপে ওই অভিভাবকের দাবিমতো স্কুল ভরতি ফি বাবদ নেওয়া অর্থ ফেরত দিতে বাধ্য হয়।

মদের দোকান রুখতে পথ অবরোধ

বাগডোগরা, ১১ জানুয়ারি ঃ জনবসতির মধ্যে কোনোভাবেই মদের দোকান খুলতে দেওয়া হবে না। জনবসতির মধ্যে দোকান খুললে বিঘ্নিত হবে সুস্থ পরিবেশ। বৃহস্পতিবার দোকান খুলতে দেওয়ার প্রতিবাদে আঠারোখাই এলাকার ভরতবস্তিতে খড়্গ সিং রোড অবরোধ করেন এলাকার বাসিন্দারা। এঁদের মধ্যে বেশিরভাগই মহিলা। প্রায় এক ঘণ্টা ধরে চলে পথ অবরোধ। পরে মাটিগাড়া থানার পুলিশের হস্তক্ষেপে অবরোধ উঠে যায়।

20% OFF
MONTE CARLO
MOULIN ROCK
SWEATERS • JACKETS
SHAWLS • STOLES
BLAZERS • MODI COATS
SUITS • LADIES COATS
Sundays Open
Pooja HINDUSTAN
Seth Srilal Market, Siliguri
Helpline No.: 76991-99999

এলাকার বাসিন্দা মমতা বিশ্বাস, বিষ্ণু রায় প্রমুখ বলেন, 'ভরতবস্তিতে এক ব্যক্তি মদের দোকান খুলতে চান। আমরা কোনোভাবেই আমাদের এলাকায় মদের দোকান খুলতে দেব না। এমনিতেই জুয়া, মদ, মাদক দ্রব্যের ঠেক থাকায় এলাকার পরিবেশ নষ্ট হচ্ছে। তার ওপর যদি মদের দোকান খোলা হয় তাহলে পরিস্থিতি আরও খারাপ হবে।' এলাকার বাসিন্দারা আরও জানান, মদের দোকান খোলার কথা জানার পরেই গণস্বাক্ষর করা দাবিপত্র আঠারোখাই গ্রাম পঞ্চায়েতের প্রধান, মাটিগাড়া ব্লকের বিডিও, মাটিগাড়া থানার পুলিশ সহ প্রশাসনের বিভিন্নস্তরে পাঠানো হয়েছে। কিন্তু তারপরেও কোনো ব্যবস্থা নেওয়া হয়নি। তার জন্যই আজকে পথ অবরোধ করা হয়েছে।

এলাকার বাসিন্দা প্রদীপ সাহা বলেন, 'যে এলাকায় মদের দোকান খোলা হচ্ছে তার পাশেই উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় ও একটি স্কুল রয়েছে। মদের দোকান হলে তার খারাপ প্রভাব পড়ুয়াদের ওপর পড়তে পারে। তাই আমরা চাইছি কোনোভাবেই যেন দোকানটি খোলা না হয়।' এলাকার অপর বাসিন্দা গৃহবধূ বনানী রায়প্রধান জানান, 'এখানে প্রায়শই গাঁজার আসর বসে। মাদকাসক্তরা প্রায়শই অশ্রাব্য ভাষায় কথা বলে। রাতে মেয়েরা রাস্তায় চলাচল করতে সমস্যায় পড়ে।' এরপরে কোনোভাবেই মদের দোকান খুলতে দেওয়া যায় না। মদের দোকান তৈরির বিরোধিতা করে তৃণমূল কংগ্রেসের জেলা সম্পাদক তথা পঞ্চায়েত সমিতির বিরোধী দলনেতা ভোলা ঘোষ বলেন, 'যেখানে দোকান হওয়ার কথা সেখানে বিশ্ববিদ্যালয়ের হস্টেল রয়েছে। ফলে সেখানে কীভাবে দোকান খোলার অনুমতি দেওয়া হল তা বুঝতে পারছি না।' এদিকে যাঁর জমিতে দোকানটি হবে, সেই ভরত রায় বলেন, কীসের দোকান হবে, আমি জানি না। আমার ছেলে জানে। ছেলেই দোকান ভাড়া দিয়েছে। ভরত রায়ের ছেলের সঙ্গে যোগাযোগ করা সম্ভব হয়নি। অন্যদিকে, দোকানঘরটির পাশেই রয়েছে একটি ছোটো সেতু। সেতুর জায়গা দখল করে দোকানটি তৈরি হয়েছে বলেও অভিযোগ। আঠারোখাই গ্রাম পঞ্চায়েতের প্রধান অসিতকুমার নন্দী বলেন, '১০ জানুয়ারি ওই বাসিন্দারা আমাকে স্মারকলিপি দিয়েছে। আলোচনা করে ব্যবস্থা নেওয়া হবে।' মাটিগাড়া থানার পুলিশ জানিয়েছে, ঘটনার তদন্ত করে দেখা হচ্ছে।

পথসভা

শিলিগুড়ি, ১১ জানুয়ারি ঃ খুচরো পণ্যের ব্যবসায় কেন্দ্রের ১০০ শতাংশ বিদেশি বিনিয়োগ নীতি ও এফআরডিআই বিল বাতিলের দাবিতে বৃহস্পতিবার পথসভা করল এসইউসিআই (সি)-এর শিলিগুড়ি শাখা। দলের এক ও দুই নম্বর লোকাল কমিটির উদ্যোগে কোর্ট মোড়ে এই পথসভার আয়োজন করা হয়। এক নম্বর লোকাল কমিটির সম্পাদক জয়ন্তী ভট্টাচার্য বলেন, 'বিজেপি সরকার খুচরো ব্যবসায় পূর্ণাঙ্গ এফডিআই চালু করে কোটি কোটি খুচরো ব্যবসায়ীর ভবিষ্যৎ ধ্বংস করার চক্রান্ত করছে। আমরা এর বিরুদ্ধে আন্দোলনের ডাক দিয়েছি।'

আজ শহরে

জাতীয় যুব দিবস উপলক্ষ্যে শিলিগুড়ি শ্রী রামকৃষ্ণ বিবেকানন্দ সোসাইটির উদ্যোগে সেবক রোডে সোসাইটি প্রাঙ্গণে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। বেলুড় মঠের সম্পাদক শ্রীমৎ স্বামী দিব্যানন্দজি মহারাজ সহ অন্যরা উপস্থিত থাকবেন।

ক্যাজুয়াল লিভের দাবি

শিলিগুড়ি, ১১ জানুয়ারি ঃ ১৫ দিনের ক্যাজুয়াল লিভের দাবিতে বুধবার ডেপুটেশন দিল নিখিলবঙ্গ প্রাথমিক শিক্ষক সমিতি। ওইদিন শিলিগুড়ি প্রাথমিক বিদ্যালয় সংসদের সভাপতিকে ডেপুটেশনটি দেওয়া হয়। সমিতির সম্পাদক নবচন্দ্র দেব বলেন, 'গতবছর জুলাই মাস থেকে পাহাড়ে বন্ধ চলাকালীন শিলিগুড়ি শিক্ষা জেলায় সমস্ত শিক্ষকদের সবরকমের ছুটি বাতিল করে দেওয়া হয়েছিল। সম্প্রতি সরকারি আদেশনামায় যাঁরা সেই সমস্ত কাজে যোগ দিয়েছিলেন তাঁদের জন্য ১৫ দিনের ছুটি বরাদ্দ করা হয়েছে। নির্দেশিকায় যে ছুটি বরাদ্দ করা হয়েছে, তা দেওয়ার দাবিতেই আমরা এই ডেপুটেশন দিয়েছি।'

দুর্গামন্দির নির্মাণের কাজ শুরু কালীবাড়িতে

শিলিগুড়ি, ১১ জানুয়ারি ঃ বৃহস্পতিবার বাস্তুপুজোর মধ্যে দিয়ে শিলিগুড়ির আনন্দময়ী কালীবাড়িতে দুর্গামন্দির নির্মাণের কাজ শুরু হয়। মন্দির কমিটি সূত্রে জানা গিয়েছে, রাজস্থানে অখণ্ড পাথর দিয়ে দুর্গাপ্রতিমা তৈরির কাজ চলছে। সেই মূর্তি তৈরি হওয়ার পর সেটিকে শিলিগুড়িতে নিয়ে আসা হবে। তারপর নতুন মন্দিরে মূর্তিটিকে স্থাপন করা হবে। এদিন বাস্তুপুজোকে কেন্দ্র করে ভক্ত এবং সমিতির সদস্যদের মধ্যে ব্যাপক উৎসাহ দেখা যায়।

গীতা ফ্যাশনের সেল অফার

শিলিগুড়ি, ১১ জানুয়ারি ঃ শিলিগুড়ি ও জলপাইগুড়ির গীতা ফ্যাশনে চলছে সেলের রমরমা। এই সেল এতটাই আকর্ষণীয় যে শোরুমগুলিতে উপচে পড়ছে ক্রেতাদের ভিড়। গীতা ফ্যাশনে রয়েছে আধুনিক ডিজাইনের পুরুষ, মহিলা ও শিশুদের রেডিমেড বস্ত্রের বিশাল সম্ভার, যা সহজেই সকলের মন জয় করছে। সব ধরনের কেনাকাটার ওপর থাকছে আকর্ষণীয় ছাড় যা ক্রেতাদের আরও উৎসাহিত করছে। শোরুম কর্তৃপক্ষ জানিয়েছে, তাদের সম্ভার ও অফার এতটাই লোভনীয় যে কেউই হতাশ হবেন না।

উত্তরবঙ্গের আত্মার আত্মীয়
উত্তরবঙ্গ সংবাদ

বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন

শিলিগুড়ি ঃ 0353-2524722, 8170096299, 9832017303, 9832666640, 9851327903, 9832647285, 7585987338, জলপাইগুড়ি ঃ 03561-224214, 9609816062, আলিপুরদুয়ার ঃ 03564-259401, 9563674951, 7908484496, কোচবিহার ঃ 9434443688, 03582-226019, রায়গঞ্জ ঃ 9153953754, বালুরঘাটঃ 9609746985, মালদা ঃ 03512-221696, 7063262069, কলকাতা ঃ 033-22101201, 033-30220820

এছাড়াও যোগাযোগ করতে পারেন অনুমোদিত বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্রে

শিলিগুড়ি

পাইওনিয়ার অ্যাড এজেন্সি
হিলকার্ট রোড
(বিষ্ণু হোমিওহলের পাশে)
ফোন-0353-2435670
মোবাইল-9434197660

এম পাল অ্যাডভার্টাইজিং
আলুপট্টি হিলকার্ট রোড
ফোন-0353-2521105
মোবাইল-9434327091

ক্রিয়েটিভ অ্যাডস্
রমাপদ ভবন, হিলকার্ট রোড
ফোন-0353-2428111, 2535142
মোবাইল-9832015380

অ্যাডমার্ট
২০, আশুতোষ মুখার্জি রোড
ফোন-0353-2526871
মোবাইল-9933050698

অ্যাকটিভ অ্যাডস্
বিপিন পাল সরণি, কলেজপাড়া
টেলিফ্যাক্স-0353-2522471
মোবাইল-9434757749

সন্ধ্য পি আর
সি-৪, গোপাল ভবন
(৩য় তল) চার্চ রোড
টেলিফোন-0353-2526534
মোবাইল-9832091681, 9832014979

দ্য অ্যাডওয়ার্ল্ড
বিরতি হাউস, চিলড্রেন পার্ক, আশুতোষ মুখার্জি রোড
ফোন-0353-2525383
মোবাইল-9434048535

অ্যাড্ ফেয়ার
পানিট্যাঙ্কি মোড়, সেবক রোড
ফোন-9832366337, 9547047194

সাগর অ্যাড এজেন্সি
বাগরাকোট মোড়, সুভাষপল্লি
ফোন-9641039396

ফিয়েস্টা
মস্‌জিদ রোড (বাইলেন)
আসরফনগর, হায়দারপাড়া
মোবাইল- 98320-80433

কেয়া মিত্র
ক্ষুদিরামপল্লি
ফোন-0353-2536270

নেহা অ্যাড এজেন্সি
৩ রাসবিহারি সরণী,
চিলড্রেন পার্কের নিকট
মোবাইল-9232731429, 9832057734

রায় এজেন্সি
গোস্ট পাল স্ট্যাচুর বিপরীতে,
চন্দ্রাণী পার্লসের নীচে,
বিধান রোড
ফোন-9832096757, 9434328283

অ্যাড ম্যান
মা সন্তোষী রোড,
সন্তোষীনগর
মোবাইল-9932013315

বিউটি ভার্মা
আগমণী অ্যাপার্টমেন্ট
বিএম সরণি,
মহানন্দাপাড়া
ফোন-0353-2535822
মোবাইল-9832064969

অ্যাডওয়েড অ্যাড এজেন্সি
১৩০, হিলকার্ট রোড, (৩য় তল)
ভেনাস মোড়
মোবাইল- 9733278806

সবিতা সাহা অ্যাড এজেন্সি
পূর্ব বিবেকানন্দপল্লি,
সংহতি মোড়ের নিকটে,
রবীন্দ্রসরণি
মোবাইল-9832011166, 9126240044

এম আর অ্যাডস
হরেন মুখার্জি রোড
মোবাইল-9832433703, 9434831541

অ্যাড ইন্ডিয়া
রবীন্দ্রনগর ও প্রধাননগর
মোবাইল-9832039499, 9475463357

এ বি ইমপ্রেশন
৪৮, রীনা ভবন, (২য় তল)
এইচ ডি এফ সি ব্যাংকের বিপরীতে
পানিট্যাংকি মোড়, সেবক রোড,
মোবাইল- 9126988000, 9832699258

গৌরী অ্যাডভার্টাইজিং
মহানন্দাপাড়া, চন্দ পার্ক, শিলিগুড়ি
ফোন-9832589156, 9932916733

সম্পর্ক অ্যাডস্
বিধান রোড, গোস্ট পাল স্ট্যাচুর বিপরীতে
ফোন-9732024446

অভিজিৎ বিশ্বাস
কলেজপাড়া,
বেলাকোবা
মোবাইল-7001135034, 9832451851

ফাঁসিদেওয়া

সত্যজিৎ দেবনাথ
ফাঁসিদেওয়া
মোবাইল - 9932432251

লিউসিপুকুরি

আনওয়ারা বেগম
গ্রাম ও পোঃ লিউসিপুকুরি,
মোবাইল- 9932070382

নকশালবাড়ি

অঞ্জলী বাগচি
নকশালবাড়ি অ্যাডসেন্টার,
স্টেশনপাড়া, নকশালবাড়ি
মোবাইল-9232685332

শিবমন্দির

মিথিলেশ মজুমদার
আশীর্বাদ কমিউনিকেশন,
পঞ্চায়েত রোড
(খেলার মাঠের বিপরীতে)
ফোন- 0353-2580473

মেডিকেল মোড়

কে দেব রায়
মেডিকেল মোড়, শ্রুতনগর
ফোন- 0353-2004712

বাগডোগরা

বিমল দে
স্টেশন মোড়, বাগডোগরা
ফোন- 9832922358

জলপাইগুড়ি

উত্তরবঙ্গ সংবাদ জলপাইগুড়ি অফিস
ডি.বি.সি. রোড, নতুনপাড়া
ফোন- 03561-224214, 231644

নিড অ্যাডভার্টাইজিং
কেরানীপাড়া
মোবাইল- 98320095750

ভোটপট্টি

আশিস বসাক
উষা নিবাস, ভোটপট্টি,
জেলা ঃ জলপাইগুড়ি
মোবাইল ঃ 9126036430

নাগরাকাটা

অম্বরীশ মিত্র
ছাওছড়িয়া মোড়, মেইনরোড,
সেন্ট্রাল ব্যাংকের বিপরীতে
ফোন- 03565 272799,
মোবাইল- 8016669041

ময়নাগুড়ি

সুভাষ চৌধুরি
জরদা সেতুর নিকট, (ধূপগুড়ি রোড)
মোবাইল- 9475141652

ধূপগুড়ি

অভয়চন্দ্র বসাক
বসাক ইলেকট্রিক হাউস,
ধূপগুড়ি বাসস্ট্যান্ড
ফোন- 03563-250495,
9832603122

ওদলাবাড়ি

মুকুল গাঙ্গুলি
স্টুডিও ভেনাস
মোবাইল- 9232636649

চালসা

কল্লোল দাস
আই টি সলিউশন কেয়ার
মোবাইল - 9733259715

মালবাজার

বি. ছাওছরিয়া
মালবাজার ডেইলি মার্কেট
মোবাইল- 9834165369

বানারহাট

মানিক দত্ত
গ্রন্থভারতী
মোবাইল- 9474716479

গয়েরকাটা

নন্দ মণ্ডল
গয়েরকাটা নিউমার্কেট
মোবাইল - 9733177278

ইসলামপুর

জি নন্দী
গুঞ্জন অ্যাডভার্টাইজিং,
পুরাতন বাসস্ট্যান্ড,
(গঙ্গা স্টোর্স)
মোবাইল- 9593953157

একাই একশো !
উত্তরবঙ্গের ১নং সংবাদপত্র